# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৫৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৫১]

৫/ সালামের আদব (كتاب السلام)

পরিচ্ছেদঃ ১৩২: সালাম দেওয়ার পদ্ধতি

(132) بَابُ كَيْفِيَةِ السَّلَامِ

আরবী

عَن عِمْرَانَ بنِ الحُصَينِ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم، فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ، فَرَدَّ عَلَيْهِ ثُمَّ جَلَسَ، فَقَالَ النبيُّ صلى الله عليه وسلم: عَشْرٌ ثُمَّ جَاءَ آخَرُ، فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ، فَرَدَّ عَلَيْهِ فَجَلَسَ، فَقَالَ: عِشْرُونَ ثُمَّ جَاءَ آخَرُ، فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ الله وَبَركَاتُهُ، فَرَدَّ عَلَيْهِ فَجَلَسَ، فَقَالَ: ثَلاثُونَ رواه أَبُو داود والترمذي، وقال: حديث حسن

বাংলা

প্রথমে যে সালাম দেবে তার এরূপ বলা (উচিত), ’আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহি অবারাকাতুহ’। এটা মুস্তাহাব। সে বহুবচন সর্বনাম ব্যবহার করবে; যদিও যাকে সালাম দেওয়া হয় সে একা হোক না কেন। আর সালামের উত্তরদাতা বলবে ’অআলাইকুমুস সালামু অরহমাতুল্লাহি অবারাকাতুহ, অর্থাৎ সে শুরুতে সংযোজক অব্যয় ’অ’ বা ’ওয়া’ শব্দ ব্যবহার করবে।

---

১/৮৫৫। ইমরান ইবনে হুসাইন রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে এভাবে সালাম করল ’আসসালামু আলাইকুম’ আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জবাব দিলেন। অতঃপর লোকটি বসে গেলে তিনি বললেন, ’’ওর জন্য দশটি নেকী।’’ তারপর দ্বিতীয় ব্যক্তি এসে ’আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহ’ বলে সালাম পেশ করল।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালামের উত্তর দিলেন এবং লোকটি বসলে তিনি বললেন, ’’ওর জন্য বিশটি নেকী।’’ তারপর আর একজন এসে ’আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহি অবারাকাতুহ’ বলে সালাম দিল। তিনি তার জবাব দিলেন। অতঃপর সে বসলে তিনি বললেন, ’’ওর জন্য ত্রিশটি নেকী।’’ (আবূ দাউদ, তিরমিযী হাসান সূত্রে)[1]

## English

(132) Chapter: Words to be Used for Offering Greetings

It is recommended for the one offering greetings to say: `As-Salamu Alaikum wa Rahmatullahi wa Barakatuhu'. The reply is `Wa `Alaikum us-Salamu wa Rahmatullahi wa Barakatuhu.

'Imran bin Husain (May Allah be pleased with them) reported:
A man came to the Prophet (ﷺ) and said: "As-Salamu 'Alaikum (may you be safe from evil). Messenger of Allah (ﷺ) responded to his greeting and the man sat down. The Prophet (ﷺ) said, "Ten (meaning the man had earned the merit of ten good acts)." Another one came and said: "As-Salamu 'Alaikum wa Rahmatullah (may you be safe from evil, and Mercy of Allah be upon you)." Messenger of Allah (ﷺ) responded to his greeting and the man sat down. Messenger of Allah (ﷺ) said, "Twenty." A third one came and said: "As-Salamu 'Alaikum wa Rahmatullahi wa Barakatuhu (may you be safe from evil, and the Mercy of Allah and His Blessings be upon you)." Messenger of Allah (ﷺ) responded to his greeting and the man sat down. Messenger of Allah (ﷺ) said, "Thirty."

[Abu Dawud and At- Tirmidhi].

Commentary: This Hadith shows that we can earn ten-fold good rewards by greeting a person in the Islamic way. There will be a further ten-fold addition to it if we say, "As-Salamu `Alaikum wa Rahmatullah". may you be safe from evil, and the Mercy of Allah be upon you). And if we say, "As-Salamu `Alaikum wa Rahmatullahi wa Barakatuhu'' may you be safe from evil, and the Mercy of Allah and His Blessings be upon you), thirty-fold good reward comes to us. But Ahadith are silent on increasing more words to Salam. So this much will suffice.

### ফুটনোট

[1] তিরমিযী ২৬৮৯, আবূ দাউদ ৫১৯৫, আহমাদ ১৯৪৪৬, দারেমী ২৬৪০

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23887

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন